গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ-এর কার্যালয়
পঞ্চগড়।

ফোনঃ ০৫৬৮-৬১২০১, ৬১২৮১, ফ্যাক্স-০৫৬৮-৬১৯৩০, ইমেইলঃ djpnbd@gmail.com

আদেশ নং- ৬২ তারিখঃ- ১৪/০৬/১৪২৭ বঙ্গাব্দ
২৯/০৯/২০২০ খ্রিঃ

# "আদেশ"
## (পেনশন কেস নং-০৪/২০২০)

পঞ্চগড় জেলা জজশীপের অধীন সহকারী জজ আদালত, দেবীগঞ্জ, পঞ্চগড় (ভারপ্রাপ্ত জজ নেজারত বিভাগ, জেলা জজ আদালত, পঞ্চগড়-এ সংযুক্ত)-এর 'জারীকারক' জনাব মোঃ আবুল কাসেম-এর চাকুরীর বয়স ২৫ বৎসরের উর্দ্ধে হওয়ায় তিনি সরকারি চাকরি হইতে ঐচ্ছিক অবসর গ্রহণের (optional retirement) আবেদনপত্র দাখিল করিয়া অবসর-উত্তর ছুটি (Post Retirement Leave) এবং যাবতীয় সরকারি পাওনাদী প্রদানের আবেদন করিয়াছেন।

'জারীকারক' জনাব মোঃ আবুল কাসেম-এর আবেদনপত্র, চাকুরি বহি, সহকারী জজ আদালত, দেবীগঞ্জ, পঞ্চগড়-এর গত ০৫-০৬-১৪২৭ বঙ্গাব্দ/ ২৪-০৯-২০২০ খ্রিঃ তারিখের সঃ জঃ দেবীঃ-৮৮ নং স্মারক মূলে প্রেরিত চাকুরীর বৃত্তান্ত ও তাহার সহিত সংযুক্ত "জেলা এ্যাকাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার",পঞ্চগড়-এর গত ১৬/০৯/২০২০ খ্রিঃ তারিখের প্রতি-স্বাক্ষরিত (Counter Signed) E.L.P.C. (Expected Last Pay Certificate) ও অফিস রেকর্ড পর্যালোচনায় উল্লেখিত কর্মচারী জনাব মোঃ আবুল কাসেম এই কার্যালয়ের নেজারত বিভাগে বিগত ১০/০৭/১৯৮৮ খ্রিঃ তারিখের ১২০/১(৭) এন নং আদেশ মতে বিগত ১৬/০৭/১৯৮৮ খ্রিঃ তারিখে "নৈশ প্রহরী" পদে যোগদান করেন। পরবর্তীতে নেজারত বিভাগের বিগত ০৩/০১/১৯৯০ খ্রিঃ তারিখের ১(ড)এন নং আদেশমূলে "নৈশ প্রহরী" হইতে "অফিস পিয়ন" পদে উক্ত কর্মচারীকে আত্মীকরণ করা হয়। তারপর নেজারত বিভাগের বিগত ০৮/০৯/১৯৯৬ খ্রিঃ তারিখের ৩৩(নেজা) নং আদেশমূলে বিগত ০৫/০১/১৯৯২ খ্রিঃ তারিখ হইতে "অফিস পিয়ন" পদে তাহার চাকুরী স্থায়ীকরণ করা হয়। তৎপরবর্তীতে এই কার্যালয়ের বিগত ২৪/০৮/২০১০ খ্রিঃ তারিখের ৩৫১/৮ (জি) নং স্মারকে তাঁহাকে "জারীকারক" পদে পদোন্নতি দেওয়া হইলে তিনি বিগত ২৫/০৮/২০১০ খ্রিঃ তারিখে উক্ত পদে যোগদান করিয়া চাকুরী করিয়া আসিতেছেন।

উক্ত কর্মচারীর জন্ম তারিখ ০১/০১/১৯৬৩ ইং এবং প্রতিবেদনে উল্লেখিত মতে তিনি ২৫ বৎসরের উর্দ্ধে অর্থাৎ অদ্য পর্যন্ত ২৮ বৎসর, ০৮ মাস, ২২ দিন চাকুরী করিয়াছেন। পারিবারিক বহুমূখী সমস্যার কারণে তাঁহার উপর অর্পিত দায়িত্ব পালন করা কষ্টকর হওয়ায় তিনি স্ব-ইচ্ছায় অবসরে (Optional Retirement) গমন সহ আগামী ১৫/১০/২০২০ খ্রিঃ তারিখ হইতে PRL -এ গমনের ইচ্ছা পোষন করেন।

ছুটির প্রাপ্যতার বিষয়ে E.L.P.C. (Expected Last Pay Certificate)-এর প্রতিবেদন অনুযায়ী উক্ত কর্মচারীর পূর্ণগড় বেতনে ০২ বছর ০৫ মাস ২৮ দিন এবং অর্ধগড় বেতনে ০২ বছর ০৭

মাস ০৬ দিন অর্জিত ছুটি প্রাপ্য রহিয়াছে। অর্ধগড় বেতনে ০২ বছর ০৭ মাস ০৬ দিনের অর্জিত ছুটিকে পূর্ণগড় বেতনে রুপান্তর করিলে ০১ বছর ০৩ মাস ১৮ দিন দাঁড়ায়। সে হিসাবে পূর্ণগড় বেতনে তাঁহার মোট অর্জিত ছুটির পরিমাণ দাঁড়ায় (০২ বছর ০৫ মাস ২৮ দিন + ০১ বছর ০৩ মাস ১৮ দিন)= ০৩ বছর ০৯ মাস ১৬ দিন। উক্ত কর্মচারীর পি,আর,এল ছুটি-পূর্ব মূল বেতন ১৭০৬০/- (সতের হাজার ষাট) টাকা মাত্র।

বর্ণিত কর্মচারীর জন্ম তারিখ ০১/০১/১৯৬৩ ইং হওয়ায় তিনি যদি (উনষাট) বৎসর পূর্তিতে বার্ধক্য জনিত অবসরে গমন করিতেন, তাহা হইলে আগামী ৩১/১২/২০২২ খ্রিঃ তারিখ তাঁহার অকর্ম-দিবস হইত (বাংলাদেশ সার্ভিস রুলস্ পার্ট-০১ এর ৭৯ নং বিধিমতে) কিন্তু বর্ণিত কর্মচারী উক্ত সময়ের পূর্বে স্বেচ্ছায় অবসর গ্রহনের প্রার্থনা করিয়া আগামী ১৫/১০/২০২০ খ্রিঃ তারিখ হইতে PRL -এ গমনের প্রার্থনা করায় উক্ত তারিখটি তাঁহার অ-কর্ম দিবস (Non-working day) হিসাবে গণ্য হইবে।

তাই সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪৪ ধারা মতে তাঁহার চাকরীর মেয়াদ ২৫ (পঁচিশ) বৎসরের অধিক হওয়ায় উক্ত আইনের ৪৭ ধারা এবং জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ১০(২)(ক) উপ-বিধি মতে ছুটি পাওনা সাপেক্ষে আগামী ১৫/১০/২০২০ খ্রিঃ তারিখ পিআরএল-এ গমণের পরবর্তী দিন অর্থাৎ আগামী ১৬-১০-২০২০ খ্রি: তারিখ হইতে আগামী ১৫-১০-২০২১ খ্রি: তারিখ পর্যন্ত ০১ (এক) বৎসরের অর্থাৎ ১২(বার) মাসের অবসর উত্তর ছুটি (PRL) এবং জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ১০(২)(খ) উপ-বিধি মতে ছুটি পাওনা সাপেক্ষে ১৮ (আঠার) মাসের Lump Grant মঞ্জুরসহ অবসর উত্তর ছুটি শেষে (PRL) সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪৪ ধারা মতে ঐচ্ছিক অবসর প্রদান মঞ্জুরযোগ্য হয়।

উক্ত কর্মচারীর নিকট হইতে কোন সরকারী পাওনাদী নাই এবং তাঁহার বিরুদ্ধে কোন অডিট আপত্তি নাই মর্মে আয়ন/ব্যয়ন কর্মকর্তা চাকুরীর বৃত্তান্তে বলিয়াছেন। উক্ত কর্মচারীর বিরুদ্ধে এই কার্যালয়ে কোন বিভাগীয় মামলাও চলমান নাই। তাই সার্বিক সকল দিক বিবেচনায় তাঁহার চাকুরীকাল সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়।

এমতাবস্থায়, সরকারি চাকরি আইন, ২০১৮ (বুধবার, নভেম্বর ১৪, ২০১৮ খ্রিঃ তারিখের গেজেটে প্রকাশিত)-এর ৪৪ ধারানুযায়ী তাঁহার চাকরীকাল ২৫(পঁচিশ) বৎসরের অধিক হওয়ায় উক্ত আইনের ধারা ৪৭ এবং জাতীয় বেতন স্কেল ২০১৫-এর ১০ (২) (ক) উপ-বিধি মোতাবেক তাঁহাকে আগামী ১৬-১০-২০২০ খ্রিঃ তারিখ হইতে আগামী ১৫-১০-২০২১ খ্রি: তারিখ পর্যন্ত ০১ (এক) বৎসরের অর্থাৎ ১২(বার) মাসের অবসর-উত্তর ছুটি (Post Retirement Leave) মঞ্জুর করা হইল। ইহা ছাড়াও অতিরিক্ত পাওনা ছুটির পরিবর্তে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১০ (২) (খ) উপবিধি অনুযায়ী তাঁহার ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থাৎ ১৭০৬০ X ১৮ = ৩,০৭,০৮০/- (তিন লক্ষ সাত হাজার আশি) টাকা মাত্র (Lump Grant) হিসাবে নগদায়ন করার অনুমতি প্রদান করা হইল।

সরকারি চাকরি আইন,২০১৮-এর ৪৪ ধারানুযায়ী অবসর-উত্তর ছুটি শেষ হইবার পর অর্থাৎ আগামী ১৬/১০/২০২১ খ্রিঃ তারিখ হইতে তাঁহাকে পূর্ণ ঐচ্ছিক অবসরে যাইবার অনুমতি প্রদান করা হইল।

উল্লেখ্য যে, অবসর-উত্তর ছুটি ভোগ শেষে তিনি বিধি মোতাবেক আনুতোষিক ও পেনশন গ্রহণ সহ যাবতীয় সুবিধাদি প্রাপ্ত হইবেন। আগামী ১৪/১০/২০২০ খ্রিঃ তারিখ অপরাহ্নে তিনি সরকারী চাকুরী

০৫.০৮.২০

হইতে অবমুক্ত হইবেন। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ, জেলা জজ আদালত, পঞ্চগড় ও বিজ্ঞ সহকারী জজ, দেবীগঞ্জ, পঞ্চগড়-কে উক্ত তারিখ অপরাহ্নে বর্ণিত কর্মচারীকে সরকারি চাকুরী হইতে অবমুক্ত করার নির্দেশ দেওয়া হইল। তাঁহার ঐচ্ছিক অবসরে যাওয়ার পরবর্তী পেনশন সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পন্ন করার জন্য জেলা ও দায়রা জজ আদালত, পঞ্চগড়-এর 'বেঞ্চ সহকারী' জনাব মোঃ হাফিজুর রহমানকে 'কল্যাণ কর্মকর্তা' নিয়োগ করা হইল।

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি শাখা-১ এর গত ২৩ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ/০৬ ফেব্রুয়ারী ২০২০ খ্রিষ্টাব্দ তারিখের এই সংক্রান্ত সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০ নামীয় প্রজ্ঞাপনে ০২.০৭ (ক)(খ)(গ) নং বিধিতে উল্লেখিত মতে বর্ণিত কর্মচারী কর্তৃক বিল ও পেনশন মঞ্জুরীর কাগজপত্র দাখিল হইলে Lump grant ও আনুতোষিকের অর্থের চেক প্রদান ও পিপিও জারীর নির্দেশনা দেওয়া হইল। বর্ণিত কর্মচারীকে সত্বর Lump grant এর বিল ও পেনশন মঞ্জুরীর কাগজপত্র দাখিলের জন্য বলা হইল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করানো হউক।

(মোঃ শরীফ হোসেন হায়দার)
জেলা ও দায়রা জজ
পঞ্চগড়।

স্মারক নং- জেজপ ২৬৫(৯) তারিখঃ- ১৪/০৬/১৪২৭ বঙ্গাব্দ
২৯/০৯/২০২০ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল:

১। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ/ হিসাব বিভাগ/ফোকাল পয়েন্ট, জেলা জজ আদালত, পঞ্চগড়(ওয়েবসাইটে দেওয়ার অনুরোধসহ)।
২। বিজ্ঞ সহকারী জজ, দেবীগঞ্জ সহকারী জজ আদালত, পঞ্চগড়।
৩। জেলা এ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পঞ্চগড়।
৪। জনাব মোঃ হাফিজুর রহমান, বেঞ্চ সহকারী, জেলা ও দায়রা জজ আদালত, পঞ্চগড় (কল্যাণ কর্মকর্তা)।
৫। জনাব মোঃ আবুল কাসেম, জারীকারক, সহকারী জজ আদালত, দেবীগঞ্জ, পঞ্চগড় (ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ, জেলা জজ আদালত, পঞ্চগড়-এ সংযুক্ত)।
৬। পেনশন নথি।
৭। অফিস নথি।

২৯/০৯/২০২০ খ্রিঃ

(মোঃ শরীফ হোসেন হায়দার)
জেলা ও দায়রা জজ
পঞ্চগড়।